দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 29 OCT 2016 ...
পৃষ্ঠা ...2... কলাম ...2... ......

# এমসিকিউ পদ্ধতিতে আজ প্রাথমিকে শিক্ষক নিয়োগ পরীক্ষা

■ ইত্তেফাক রিপোর্ট

এমসিকিউ পদ্ধতিতেই সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য (মুক্তিযোদ্ধা কোটায়) 'সহকারী শিক্ষক নিয়োগ-২০১৬"-এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। আজ শনিবার মোট এক ঘন্টা ২০ মিনিটের এ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। দুপুর ৩টা থেকে ৪-২০ মিনিট পর্যন্ত ৬১ জেলায় (তিন পার্বত্য জেলা ব্যতীত) একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গত ২১ অক্টোবর থেকে প্রার্থীদের মোবাইলে এসএমএস পাঠানো হয়েছে। আর ২২ অক্টোবর থেকে প্রার্থীরা যাতে নিজ নিজ প্রবেশপত্র ডাউনলোড করতে পারেন সে ব্যবস্থা করা হয়। এমসিকিউ পদ্ধতিতে মোট ৮০টি প্রশ্ন সংখ্যার জন্য ৮০ নম্বর নির্ধারণ করা হয়েছে। এক ঘন্টা ২০ মিনিটের এই পরীক্ষায় উত্তরদাতারা প্রতি প্রশ্নের সঠিক উত্তরের জন্য ১ নম্বর করে পাবেন। আর প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য উত্তরদাতাদের ০.২৫ নম্বর কাটা যাবে। এবার পরীক্ষাকেন্দ্রে প্রবেশপত্র ছাড়া কোনো বই, উত্তরপত্র, নোট বা অন্য কোনো কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন ও ভ্যানিটি ব্যাগ, পার্স, ইলেক্ট্রনিক ঘড়ি বা যে কোনো ইলেক্ট্রনিক ডিভাইস সঙ্গে রাখতে দেয়া হবে না। আর ওএমআর শিট পূরণের নির্দেশাবলী ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য অধিদফতরের ওয়েবসাইট (www.dpe.gov.bd) থেকে পাওয়া যাবে।